

নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর: ১২৫৩/২৪

তারিখ: ০৬ মার্চ ২০২৪
২২ ফাল্গুন ১৪৩০

সকল মহাব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক
একান্ত সচিব, এমডি এন্ড সিইও এবং সকল উপব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক -
জনতা ব্যাংক পিএলসি.
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/
সকল শাখা এবং সকল সাবসিডিয়ারি কোম্পানি।

বিষয় : ঋণ ও অগ্রিম-এর সুদহার পুনঃনির্ধারণ।


প্রিয় মহোদয়,

ঋণ ও অগ্রিমের সুদহার বিষয়ে জারিকৃত প্রধান কার্যালয়ের নির্দেশ বিজ্ঞপ্তি ১২৪৩/২৩ তারিখ ২৮ ডিসেম্বর ২০২৩-এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

২. বাংলাদেশ ব্যাংক-এর ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ কর্তৃক বিআরপিডি সার্কুলার লেটার নম্বর ১১ তারিখ: ২৯ ফেব্রুয়ারি ২০২৪ এর মাধ্যমে ঋণ ও অগ্রিমের সুদহার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। উক্ত সার্কুলার লেটার-এর মূল নির্দেশনা নিম্নরূপ:
 - ২.১ ঋণের সুদহার নির্ধারণের ক্ষেত্রে SMART-এর সাথে সর্বোচ্চ ৩.৫০% মার্জিন যোগ করে সুদহার নির্ধারণ করতে হবে;
 - ২.২ প্রি-শিপমেন্ট রপ্তানি ঋণ এবং কৃষি ও পল্লী ঋণের সুদহার নির্ধারণের ক্ষেত্রে SMART এর সাথে সর্বোচ্চ ২.৫০% মার্জিন যোগ করে সুদহার নির্ধারণ করতে হবে।
 - ২.৩ এ নির্দেশনা জারির পর হতে নতুনভাবে বিতরণকৃত ঋণের বিপরীতে অনুচ্ছেদ নং-২(১) ও ২(২) এ বর্ণিত সুদহার মার্জিন প্রযোজ্য হবে। ইতঃপূর্বে বিতরণকৃত ঋণের সুদহার পরিবর্তনের ক্ষেত্রে বিআরপিডি সার্কুলার নং-০৯/২০২৩ এর অনুচ্ছেদ-৫ এর নির্দেশনা পরিপালনীয় হবে।
 - ২.৪ এ নির্দেশনা জারির মাধ্যমে বিআরপিডি সার্কুলার লেটার নং-৬৪/২০২৩ এর নির্দেশনা রহিত করা হলো। এতদ্ব্যতীত, বিআরপিডি সার্কুলার নং-০৯/২০২৩ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-২৭/২০২৩ এ বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।
 ৩. বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক ঋণ ও অগ্রিমের সুদহার পুনঃনির্ধারণ সংক্রান্ত নির্দেশনা নিম্নরূপে বাস্তবায়নের বিষয়টি পরিচালনা পর্ষদের ০৫ মার্চ তারিখে অনুষ্ঠিত ৮০৮-তম সভায় অনুমোদিত হয়েছে:
 - ৩.১ ০১ মার্চ ২০২৪ হতে নতুন মঞ্জুরিকৃত/নবায়নকৃত/পুনঃতফসিলকৃত/পুনর্গঠনকৃত ঋণের ক্ষেত্রে পুনঃনির্ধারিত সুদহার সংক্রান্ত নির্দেশনা কার্যকর হবে। এক্ষেত্রে যে সকল খাত/ক্যাটাগরির ঋণের ক্ষেত্রে নির্দেশ বিজ্ঞপ্তি নং-১২৪৩ তারিখ ২৮ ডিসেম্বর ২০২৩ অনুযায়ী সুদহার SMART+৩.৭৫% এবং SMART+২.৭৫% নির্ধারিত রয়েছে/ছিল শুধুমাত্র সকল খাত/ক্যাটাগরির ঋণের সুদহার হবে যথাক্রমে SMART+৩.৫০% এবং SMART+২.৫০%।
 - ৩.২ অন্যান্য খাত/ক্যাটাগরির ঋণের ক্ষেত্রে নির্দেশ বিজ্ঞপ্তি ১২৪৩/২৩ তারিখ ২৮ ডিসেম্বর ২০২৩-এ বর্ণিত সুদহার অপরিবর্তিত থাকবে।
 - ৩.৩ নির্দেশ বিজ্ঞপ্তি ১২৪৩/২৩ তারিখ: ২৮ ডিসেম্বর ২০২৩-এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।
 - ৩.৪ উক্ত নির্দেশনা ০১ মার্চ ২০২৪ তারিখ হতে কার্যকর হবে।
- সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত


০৬.০৩.২০২৪
সুলতানা রাজিয়া
উপমহাব্যবস্থাপক


০৬.০৩.২০২৪
মেহের সুলতানা
মহাব্যবস্থাপক